

জেলা পরিষদ
বাগেরহাট

স্মারক নং : ৪৬.৪২.০১০০.০০২.১৪.০০১.২৪-২৫. ২১৮(১০৬)

তারিখ : ২৬-০২-২০২৫ খ্রি.

বিষয় : ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্ব অর্থে গ্রহীত প্রকল্পের মধ্য হতে আপনার প্রতিষ্ঠানের বরাদ্দকৃত টাকা উল্লেখনের জন্য ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট PIC (Project Implementation Committee) কমিটি গঠন এবং ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্প দাখিল প্রসঙ্গে :

সূত্র : মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ জেলা পরিষদ শাখার স্মারক নং ৪৬.০০.০১০০.০৪২.১৪.১০৩.১৭.৩০৯ তারিখ ২৬-০২-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের জেলা পরিষদ রাজস্ব খাতের অর্থে গৃহীত প্রকল্পের মধ্যে হতে প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে টাকার একটি প্রকল্প অনুমোদন করা হয়েছে। উক্ত প্রকল্পটি পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য নিম্নরূপ পি আই সি কমিটি গঠন পূর্বক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্প দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ থাকে যে, প্রতিষ্ঠান/ সংস্থার পরিচালনা কমিটি সভায় সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট পি আইসি কমিটি গঠন করতে হবে। সভায় কার্যবিবরণীর ছায়ািলিপি উক্ত সভার সভাপতি (পরিচালনা কমিটির সভাপতি) কর্তৃক সত্যায়িত হতে হবে এবং তিনিই তা Forwarding সহকারে অত্রাফিসে প্রেরণ করবেন। বর্তমান কমিটির সভাপতি যদি PIC এর সভাপতি না হন সে ক্ষেত্রে পরিচালনা কমিটির সভায় সিদ্ধান্ত মোতাবেক মনোনীত সভাপতির নাম উল্লেখ পূর্বক তার নাম স্বাক্ষর বর্তমান কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত করে (Forwarding এর নিচের অংশ) দাখিল করতে হবে। তবে বর্তমান কমিটির সভাপতি ও PIC এর সভাপতি একই ব্যক্তি উল্লেখিতভাবে স্বাক্ষর সত্যায়িত করার প্রয়োজন নেই।

PIC কমিটি গঠনের নির্দেশিকা নিম্নরূপ :

০১:	সভাপতি	:	ম্যানেজিং কমিটির সভাপতি/কমিটি কর্তৃক মনোনীত কোন সদস্য	-----	০১ জন
০২:	সদস্য-সচিব	:	প্রধান শিক্ষক/সমন্বিত কর্মী/সমাজিক ইমাম/স্বাস্থ্যকর্মী/কল্যাণকর্মী	-----	০১ জন
০৩:	সদস্য	:	ম্যানেজিং কমিটির সদস্য/ গণ্যমান্য ব্যক্তিবর্গ হতে	০২ জন /উক্ত এলাকার ইউনিয়ন পরিষদের সদস্য	০১ জন
					(২+১) ০৩ জন
					মোট ০৫ জন

নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ পূর্বক কাজটি বাস্তবায়ন করতে হবে :

- ০১। উপ-সহকারী প্রকৌশলী/সার্ভেয়ারের সহযোগিতায় সরেজমিনে পরিমাপ গ্রহণ পূর্বক প্রাক্কলন প্রস্তুত করে দাখিল করতে হবে।
- ০২। দাখিলকৃত PIC কমিটি ও প্রাক্কলন অনুমোদিত হওয়ার পর সভাপতির মোবাইল নম্বরসহ ১ম কিস্তির অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন।
- ০৩। প্রকল্প কমিটির সভাপতি ও সদস্য-সচিবের দুই কপি পাসপোর্ট সাইজের ছবি এবং ভোটার আইডি কার্ডের (ফটোকপি) এবং প্রকল্পের কাজ শুরু পূর্বের ছবি এবং কাজ সমাপ্ত করার পরের ছবি দাখিল করতে হবে।
- ০৪। প্রকল্প স্থানে একটি সাইনবোর্ড লটকাতে হবে যাতে প্রকল্পটির নাম প্রাক্কলিত ব্যয় বাস্তবায়ন প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে।
- ০৫। ১ম কিস্তির গৃহীত অর্থ দ্বারা অনুমোদিত প্রাক্কলন ও নকশা অনুযায়ী কাজ যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।
- ০৬। প্রকল্প বাস্তবায়নে কোন প্রকার অনিয়ম, অর্থ আত্মসাৎ ও দুর্নীতি পরিলক্ষিত হলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৭। প্রকল্পের অনুকূলে সভাপতি ও সদস্য-সচিবের যৌথ ব্যাংক হিসাব খাতে হবে।
- ০৮। একই ব্যক্তি একাধিক প্রকল্পের PIC সভাপতি থাকতে পারবেন।

চূড়ান্ত বিলের জন্য আবেদনের সংগে নিম্নলিখিত তথ্য দাখিল করতে হবে :

- ০১। সম্পাদিত কাজের সাইনবোর্ড সহ রসিদ ছবি চূড়ান্ত কিস্তির ভাউচারের সাথে প্রদান করতে হবে।
- ০২। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী যাবতীয় কাজ যথাযথভাবে সমাপ্তির পর ১ম কিস্তিতে গ্রহণকৃত অগ্রীম অর্থের অনুকূলে খরচকৃত ভাউচার সময়ের জন্য একটি আবেদন এবং ১য় কিস্তির জন্য অবশিষ্ট টাকা (চূড়ান্ত বিল) পাওয়ার জন্য পথকভাবে একটি আবেদন প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট বরাবর দাখিল করতে হবে। (প্রতিটি ভাউচার PIC সভাপতি ও সদস্য-সচিবকে সীলসহ স্বাক্ষর করতে হবে)
- ০৩। দৈনিক ভিত্তিক কর্মরত (যদি থাকে) শ্রমিকদের মাস্টার রোল সংশ্লিষ্টদের স্বাক্ষর সহ (১ম কিস্তি ও অবশিষ্ট টাকার জন্য প্রথকভাবে) কাজটি যথাযথভাবে সমাপ্তির পর উপ-সহকারী প্রকৌশলী/সার্ভেয়ার দ্বারা সরেজমিনে পরিমাপ গ্রহণের ব্যবস্থা করতে হবে এবং কাজের গুণগত মানের বিষয়ে মতামত সহ প্রতিবেদন দাখিল করতে হবে।
- ০৪। উপ-সহকারী প্রকৌশলী/সার্ভেয়ার মতামত প্রাপ্তির পর প্রধান সহকারী প্রকৌশলী / প্রধান নির্বাহী কর্মকর্তা প্রয়োজনবোধে সরেজমিনে প্রকল্প পরিদর্শন করে বিল পরিশোধ করার ব্যবস্থা গ্রহণ করবে।

সভাপতি/সদস্য-সচিব/সুপার

মোঃ শাহিদুল আলম
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, বাগেরহাট

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। প্রশাসক, জেলা পরিষদ, বাগেরহাট
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট
- ৩। সার্ভেয়ার, জেলা পরিষদ, বাগেরহাট
- ৪। জনাব রুখসানা আমীন, নিম্নমান সহকারী, জেলা পরিষদ, বাগেরহাটকে জেলা পরিষদ ওয়েবসাইটে আপলোড দেওয়ার জন্য বলা হলো